



Michael R. Bloomberg
Mayor

Department of
Health & Mental
Hygiene

Thomas R. Frieden, MD, MPH
Commissioner

Department of
Education

Joel I. Klein
Chancellor

প্রিয় পিতামাতা বা অভিভাবকবৃন্দ:

নিউ ইয়র্কে এইচওয়ানএনওয়ান (সোয়াইন) ফ্লু যখন ছড়াচ্ছে, বহু স্কুলই অধিক সংখ্যায় শিক্ষার্থী অনুপস্থিতির হার ও ফ্লু জাতীয় রোগে আক্রান্ত হওয়ার খবর দিচ্ছে।

সাধারণত যে ফ্লু (মণ্ডুগু) দেখা যায়, এইচওয়ানএনওয়ান তার মতো নয়। আক্রান্তদের অধিকাংশের হালকা অসুস্থতা দেখা দেয় এবং তারা কোন চিকিৎসা ছাড়া নিজে থেকেই সেরে ওঠেন। তবে এই ফ্লুতে আক্রান্তদের কারো কারো অসুস্থতা মারাত্মক আকার ধারণ করতে পারে। যাদের বেলায় এই ফ্লুতে আক্রান্ত হলে মারাত্মক আকার ধারণ করতে পারে, তাদের মধ্যে আছে ২ বছরের কম বয়স্ক শিশু, ৬৫ বছরের অধিক বয়স্ক ব্যক্তি, গর্ভবতী মহিলা এবং ডায়াবেটিস বা অ্যাজমা জাতীয় পুরনো রোগাক্রান্ত ব্যক্তি। এছাড়াও হার্ট, লিভার, কিডনি বা রক্তে কোন ধরনের সমস্যা রয়েছে, এবং যাদের এমন কোন স্নায়বিক সমস্যা রয়েছে যা শ্বাস-প্রশ্বাসকে প্রভাবিত করে, তাদের জন্যও ফ্লু বিশেষভাবে বিপজ্জনক।

কোন স্কুলে ফ্লু অতি দ্রুত ছড়িয়ে পড়ছে, এমন কোন প্রমাণ দেখতে পেলে অন্যদের আক্রান্ত হওয়ার ঝুঁকি কমাতে আমরা সাময়িকভাবে স্কুল বন্ধ করে দিতে পারি। যদি কোন স্কুলের ডাক্তারি রেকর্ড অনুযায়ী শিক্ষার্থীদের অধিকতর হারে জ্বরসহ কাঁশি ও গলা ব্যথায় আক্রান্ত হতে দেখায় যায়, স্বাস্থ্য বিভাগ স্কুলটির অবস্থা অপরিবর্তিত থাকলে সেটির প্রতি প্রতিদিন ভালোভাবে দৃষ্টি দেবেন। যদি কোন স্কুলের বাড়িতে পাঠানো জ্বরাক্রান্ত শিক্ষার্থীদের সংখ্যা মোট শিক্ষার্থীদের ১% থেকে ২% পৌঁছায়, আমরা সেসব স্কুলের প্রতি বিশেষভাবে খেয়াল রাখি। স্কুল বন্ধ রাখা হবে কী না, সে সিদ্ধান্ত গ্রহণের সময় আমরা স্কুলটিতে বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের সংখ্যার বিষয়টিও বিবেচনায় রাখি।

কিছু সহজ নিয়ম অনুসরণ করে আপনি ও আপনাদের পরিবারের সবাই আমাদের স্কুলগুলোতে ফ্লুর বিস্তার রোধে সহায়তা করতে পারেন।

- সন্তানের শরীরে ফ্লুর মতো কোন লক্ষণ দেখা যাচ্ছে কী না, ভালো করে খেয়াল রাখুন। কোন সন্তানের জ্বরসহ কাঁশি ও গলাব্যথা থাকলে তাকে আরোগ্য হওয়ার ২৪ ঘন্টা পর পর্যন্ত পুরোপুরি সুস্থ না হওয়া পর্যন্ত বাড়িতে রাখতে হবে।
- কাঁশি বা হাঁচির সময় মুখ ঢাকতে ও ঘন ঘন সাবান দিয়ে হাত ধোয়ার কথা স্মরণ রাখবেন।
- অ্যাজমা বা অন্য কোন পুরনো রোগ আছে, এমন সন্তানের শরীরে যদি ফ্লুর মতো লক্ষণ দেখা দেয়, সাথে সাথে চিকিৎসা সংক্রান্ত পরামর্শের জন্য ডাক্তারের সাথে যোগাযোগ করবেন।
- আপনার সন্তান মারাত্মকভাবে অসুস্থ না হলে তাকে হাসপাতালে নিয়ে যাবেন না। জ্বরুরি বিভাবে যাওয়ার কোন প্রয়োজন নেই এবং গিয়েও সন্তানের জন্য কোন সহায়তা পাওয়া যাবে না।

সংযুক্ত কাগজে পিতামাতাদের জন্য গুরুত্বপূর্ণ তথ্য রয়েছে। আপনি কীভাবে ফ্লু থেকে নিজেকে বাঁচিয়ে রাখবেন, আপনার সন্তানের শরীরে ফ্লুর মতো লক্ষণ দেখা দিলে কী করতে হবে, কখন ডাক্তার ডাকতে হবে, কখন সন্তানকে হাসপাতালে নিয়ে যেতে হবে, সিটি স্কুল বন্ধ করার সিদ্ধান্ত কীভাবে নেয়, সব কিছু সে কাগজে তা ব্যাখ্যা করা আছে। এমন পরিস্থিতির কারণে উদ্ভূত অবস্থা থেকে স্মৃতি চাপ মেকাবেলা ও মানিয়ে চলা সংক্রান্ত তথ্য ও পরামর্শও সে কাগজে রয়েছে। আরও বিস্তারিত তথ্যের জন্য যেকোন সময় www.nyc.gov/health অথবা <http://schools.nyc.gov/> ওয়েব সাইট দেখতে পারেন।

আপনাদের বিশ্বস্ত,